

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-১ (প্রশাসন)

[www.mintland.gov.bd](http://www.mintland.gov.bd)

বিষয়: ভূমি মন্ত্রণালয়ের এপ্রিল/২০১৯ মাসের সমষ্টিয় সভার কার্যবিবরণী।

তারিখ : ২১/০৪/২০১৯ খ্রিস্টাব্দ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভাপতি : জনাব মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী, ভারপ্রাণ সচিব, ভূমি মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত আছে।

সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। প্রথমে গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়। অতপর উপসচিব (প্রশাসন) গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা (এপিএ), ইনোভেশন এবং এনআইএস	<p><b>আলোচনা:</b></p> <p>(ক) ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। অধীনস্থ দণ্ডন/সংস্থার আওতাধীন অফিসসমূহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;</p> <p>(খ) ২০১৮-১৯ অর্থ বছরের এপিএ এর তৃয় ত্রৈমাসিক রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগে হার্ড কপি এবং সফট কপি প্রেরণ করা হয়েছে;</p> <p>(গ) বর্তমানে এপিএ কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত একজন উপসচিবকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সংস্থা/দণ্ডনসমূহ হতে এপিএ এর তথ্য সংগ্রহ এবং প্রবরতী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে; এবং</p> <p>(ঘ) ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দণ্ডন/অধিদণ্ডন/সংস্থার NIS এর কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন কার্যক্রম সর্বোচ্চ গুরুত্বসহকারে সম্পন্ন করতে হবে এবং যথাযসময়ে মন্ত্রিপরিষদ বিভাগের যাচিত তথ্যাদি প্রেরণ করতে হবে;</p> <p>(খ) বর্তমান বছরের চতুর্থ কোয়ার্টারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত কার্যক্রম সম্পাদনে বিশেষ উদ্দেয়গ গ্রহণ করতে হবে; এবং</p> <p>(গ) ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন দণ্ডন/সংস্থা প্রধানগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গুরুত্বসহকারে বাস্তবায়নের উদ্দেয়গ গ্রহণ করবেন।</p>	<p>অঙ্গসচিব (উদ্বোধন)/ যুগ্মসচিব (বাজেট)/ ভূমি সম্পত্তির বোর্ড/ ভূমি অপীল বোর্ড/ ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ডন/ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র</p>
০২	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত	<p><b>আলোচনা:</b></p> <p>অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অনলাইন/সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাপ্ত অভিযোগগুলো মেইল চেক করে বিবেচনায় নেয়ার বিষয়টি সভায় আলোচনা হয়। মার্চ/২০১৯ মাসে প্রত্যোগে ০৬টি এবং অনলাইনে ০৫টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত ১১টি অভিযোগই নিষ্পত্তি করা হয়;</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) এ মন্ত্রণালয়ের প্রত্যেক শাখা/অধিশাখা আলাদা আলাদা রেজিস্টারে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির তালিকা সংরক্ষণ করবে এবং প্রতি মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রতিবেদন জমা দিবে এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা সকল প্রতিবেদনের ভিত্তিতে সম্বিত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে এবং ওয়েব সাইটে প্রকাশ করবে;</p> <p>(খ) জিআরএস সংক্রান্ত প্রতিবেদন ছাড়াও বিভিন্ন শাখায়/অধিশাখায় নিষ্পত্তিকৃত অন্যান্য অভিযোগের বিষয়ে আলাদা প্রতিবেদন প্রেরণ করতে হবে;</p> <p>(গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা অনলাইনে/ফেসবুকের মাধ্যমে প্রেরিত অভিযোগগুলো মেইল চেক করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন;</p> <p>(ঘ) মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ দণ্ডন/সংস্থার সিটিজেন চার্টার এবং ওয়েবসাইট হালনাগাদ করতে হবে;</p> <p>(ঙ) অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থা অভিযোগকারীগণকে পত্রের অনুলিপি প্রদানের মাধ্যমে অবহিত করতে হবে; এবং</p> <p>(চ) ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর দণ্ডন থেকে প্রাপ্ত অভিযোগগুলোর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিবকে অবহিত করতে হবে।</p>	<p>অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট/ কর্মকর্তা/ সকল শাখা/ অধিশাখা/ উপসচিব (প্রশাসন)</p>

নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৩	ই-ফাইলিং ও ই-টেক্নোরিং	<p><b>আলোচনা:</b></p> <p>ই-ফাইলিং এবং ই-টেক্নোরিং এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এপ্রিল/২০১৯ মাসে ভূমি মন্ত্রণালয়ের অবস্থান ১৫তম (৫৮ টি প্রতিষ্ঠানের মধ্যে)।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) মন্ত্রণালয়ে ই-ফাইলিং এর কাজের গতি আরও বাঢ়াতে হবে। প্রতিদিন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ <a href="http://nothi.gov.bd">http://nothi.gov.bd</a> ডিজিট করে নিজের একাউন্টে প্রবেশ করবেন এবং পত্র নিষ্পত্তি করবেন। পত্র থেকে নোট তৈরি করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে পত্র জারীর মাধ্যমে নিষ্পত্তি করবেন। ই-ফাইলিংয়ে কোন ক্রমেই পত্র বা নথি দীর্ঘ সময় নিষ্পত্তি না করে ফেলে রাখা যাবে না। বাস্তবাভিত্তিক পত্র/নথি ই-ফাইলিংয়ের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে;</p> <p>(খ) মন্ত্রণালয়ের প্রশাসন উইং এবং উন্নয়ন উইংসহ সকল শাখা/অধিশাখায় ই-ফাইলিংয়ের মাধ্যমে পত্র জারি আরও বাঢ়াতে হবে;</p> <p>(গ) ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করার জন্য প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ে সিস্টেম এনালিস্ট একটি প্রশিক্ষণের আয়োজন করবে;</p> <p>(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ই-টেক্নোরিং কার্যক্রম যথাযথভাবে এহেং করতে হবে;</p> <p>(ঙ) ই-টেক্নোরিং এর বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজন হলে সিপিটিইউতে প্রশিক্ষনের জন্য প্রেরণ করতে হবে;</p> <p>(চ) বর্তমান মাসে মন্ত্রণালয়ের প্রত্যেক শাখা/অধিশাখা ০৫(পাঁচ)টি করে পত্র ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে; এবং</p> <p>(ছ) আগামী মাসে সকল শাখা/অধিশাখা কতটি পত্র ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করেছে তার হিসেবে প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে।</p>	অভিস্থিত উন্নয়ন/অভিবক্ত সচিব (প্রশাসন)/প্রোগ্রামার/সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদল
০৪	ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর সমূহের শূন্যপদ পূরণ	<p><b>আলোচনা:</b></p> <p>তৃয় ও ৪ৰ্থ শ্রেণির সকল শূন্যপদ পূরণের বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। তৃয় শ্রেণির ৪(চার) ক্যাটাগরির শূন্য পদে আবেদনকর্তাদের লিখিত পরীক্ষা ০৩/০৩/২০১৭ প্রিস্টার্ক তারিখ অনুষ্ঠিত হয়েছে এবং লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষাও অনুষ্ঠিত হয়েছে। বিজ্ঞ আইনজীবীর সঙ্গে পরমর্শক্রমে এ বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১২৩৭২/২০১৭ নম্বর রিট মামলার দফাওয়ারী জবাবে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে উল্লেখিত রীট পিটিশনের আর্জি, আদেশ এবং খসড়া জবাবের কপি প্রেরণপূর্বক উল্লিখিত নিয়োগ কার্যক্রম এহেং আইনগত কোন প্রতিবন্ধকর্তা/সমস্যা আছে কিনা সে বিষয়ে মতামত দেয়ার জন্য আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হলে আইন ও বিচার বিভাগ থেকে মতামত পাওয়া গেছে।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) আইন ও বিচার বিভাগের মতামতের প্রেক্ষিতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং</p> <p>(খ) যেসব ক্ষেত্রে আইনগত প্রতিবন্ধকর্তা নেই সেক্ষেত্রে দ্রুত শূন্যপদে নিয়োগদানের ব্যবস্থা করতে হবে।</p>	অভিবক্ত সচিব (আইন)/অভিবক্ত সচিব (মাঠপ্রশাসন)/যুগ্মসচিব (প্রশ/যুগ্মসচিব (জরিপ)/বিচার নিয়ন্ত্রক (রাজ্য)
০৫	জরিপ বিভাগের শূন্যপদ পূরণ ও অন্যান্য কার্যক্রম	<p><b>আলোচনা:</b></p> <p>(ক) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নিয়োগ বিধিমালা ২০১৯ এর সংশোধিত প্রস্তাব প্রেরণ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে;</p> <p>(খ) জোনাল সেটেলমেন্ট অফিস ও উপজেলা সেটেলমেন্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারিগণের নিয়োগবিধিমালা-২০১৮ অনুমোদনের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করা হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় থেকে উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারের ফিডার পদ হিসেবে কোন কোন পদ অনুষ্ঠুত হবে তা ছক আকারে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। তদপ্রেক্ষিতে যাচিত তথ্যাদি প্রেরণের জন্য মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে;</p> <p>(গ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সকল যানবাহন টিওএন্ডইতে অন্তর্ভুক্তির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; এবং</p> <p>(ঘ) পদোন্নতির ব্যাপারে দায়েরকৃত এটি মামলার প্রতি যথাযথ দৃষ্টি রাখতে হবে।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নিয়োগ বিধিমালা ২০১৯ এর সংশোধিত প্রস্তাব জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;</p> <p>(খ) জোনাল সেটেলমেন্ট অফিস ও উপজেলা সেটেলমেন্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারিগণের নিয়োগবিধিমালা-২০১৮ অনুমোদনের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের যাচিত তথ্যাদি ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর জরুরি ভিত্তিতে প্রেরণ করবে;</p>	মহাপরিচালক (ভূরেজ)/অভিবক্ত সচিব (উন্নয়ন)/অভিবক্ত সচিব (জরিপ)

নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
		(গ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ডের সকল যানবাহন টিওএভইতে অন্তর্ভুক্তির বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে; (ঘ) পদোন্নতির ব্যাপারে দায়েরকৃত এ.টি মামলার প্রতি যথাযথ দৃষ্টি দিতে হবে; এবং	
০৬	ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন দণ্ড সমূহের কার্যক্রম ত্বরান্বিতকরণ	<b>আলোচনা:</b> মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা নিজ নিজ শাখা/অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করেননি তাঁরা পরবর্তী সভার পূর্বেই সচিবালয় নির্দেশমালা মোতাবেক স্ব স্ব শাখা/ অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করে প্রতিবেদন অব্যবহিত উর্ধ্বর্তন কর্মকর্তার নিকট দাখিল করার বিষয়ে আলোচনা হয়। <b>সিদ্ধান্ত:</b> (ক) যে সকল কর্মকর্তা নিজ নিজ শাখা/অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করেননি তাঁরা পরবর্তী সভার পূর্বেই সচিবালয় নির্দেশমালা মোতাবেক স্ব স্ব শাখা/ অধিশাখা/মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন করে প্রতিবেদন অব্যবহিত উর্ধ্বর্তন কর্মকর্তার নিকট দাখিল করবেন; (খ) পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করে দিক-নির্দেশনা প্রদানের জন্য প্রয়োজনে ভারপ্রাণ সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে; (গ) মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ২(দুই) মাস অন্তর মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন করবেন; (ঘ) ভূমি সংকার বোর্ড মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; (ঙ) অন্যান্য সংস্থা ও দণ্ডের কর্মকর্তাগণ নিয়মিতভাবে মাঠ পর্যায়ের দণ্ডের পরিদর্শন করবেন এবং প্রতিবেদন সংশ্লিষ্ট সকলকে দিবেন; এবং (চ) জনাব মোঃ সিরাজ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব (অধিবাহণ); জনাব মোঃ মাহমুদ হাসান, উপসচিব (আইন-১); বেগম নাজমুন নাহার, উপসচিব (প্রশিক্ষণ ও শৃঙ্খলা); জনাব মোঃ আলাউদ্দিন পাটওয়ারী, সিনিয়র সহকারী সচিব (আইন-৩) নিজ নিজ দণ্ড/শাখা পরিদর্শন করায় ধন্যবাদ জানানো হয়।	চেয়ারম্যান, ভূমি সংকার বোর্ড/ মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ড/অতিরিক্ত সচিব (প্রঃ)/ অতিরিক্ত সচিব (প্রঃ)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ভূমি মন্ত্রণালয়
০৭	কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলা	<b>আলোচনা:</b> <u>প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখাট</u> ফেব্রুয়ারি/১৯ মাসের বিভাগীয় মামলার জের-৮৩টি মার্চ/১৯ মাসে রক্তজুকৃত বিভাগীয় মামলার সংখ্যা-০টি মার্চ/১৯ মাস শেষে নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা-৬টি মার্চ/১৯ মাস শেষে অনিষ্পত্তি বিভাগীয় মামলার সংখ্যা-৭৭টি <b>সিদ্ধান্ত:</b> (ক) প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখা কেস ডায়েরির মাধ্যমে বিভাগীয় মামলাসমূহ সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করবে; (খ) বিভাগীয় মামলার অভিযোগনামা অভিযোগ বিবরনী সরাসরি সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে; (গ) বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নূন্যতম সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পিআরএল-এর তারিখ উল্লেখ করতে হবে; (ঘ) বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন পাওয়া না গেলে ৩০ দিন পর তাগিদ দিতে হবে। দুইবার তাগিদ দেয়ার পর প্রতিবেদন প্রেরণ না করার কারণ ব্যাখ্যা করতে হবে; (ঙ) চলমান কোন বিভাগীয় মামলায় আর্থিক সংশ্লেষ থাকলে পিআরএল-এর সময় মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে বিভাগীয় মামলা চালাতে হবে; (চ) বিভাগীয় মামলা আরো দ্রুত নিষ্পত্তি করতে হবে; এবং (ছ) বিভাগীয় মামলার ডাটা বেইজ তেরি করতে হবে।	প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখা/ জরিপ-১ অধিশাখা
০৮	ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট চলমান রীট (Writ) মামলার তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ	<b>আলোচনা:</b> (ক) মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ যেমনঃ কানুনগো ও সার্ভেরেন্সের সংশ্লিষ্ট মোকদ্দমাসমূহ, কনটেম্পটি মোকদ্দমাসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মোকদ্দমাসমূহ আলাদাভাবে এন্টি করে ফলো-আপ এর কার্যক্রম ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে এবং তা চলমান রয়েছে; (খ) THE DESTRUCTION OF RECORDS ACT, 1917 (৫নং আইন) আইনটি বাংলায় কল্পনারের কাজ শেষ করে জনপ্রশাসন মন্ত্রণালয় (বাবাকো) থেকে প্রয়োগে প্রেরণ করা হয়। গত ১১/০৬/১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে উক্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে THE DESTRUCTION OF RECORDS ACT, 1917 এর উপর সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। নির্ধারিত সময়ে কেবল সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মতামত পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী Rules of Business, 1996 এর Rule 10 অনুসরণে	অতিরিক্ত সচিব (আইন) / অতিরিক্ত সচিব (বাসজমি)/ অতিরিক্ত সচিব (জরিপ) / সিস্টেম এনালিস্ট

নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
		<p>১৮/৯/২০১৮ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত 'রেকর্ড বিনষ্টিকরণ আইন, ২০১৮' এর চূড়ান্ত খসড়া প্রমিতীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ থেকে 'লেখ্যপ্রমাণ বিনষ্টিকরণ আইন, ২০১৮' এর খসড়া প্রমিতীকরণের পর এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত খসড়া সংশ্লিষ্ট কাগজপত্রসহ ১১ সেট মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের পূর্বে চূড়ান্তকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করা হয়েছে; এবং</p> <p>(গ) ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট ৫টি আইন ইতোমধ্যে বাংলায় ভাষান্তর করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ মামলাসমূহ যেমনঃ-কানুনগো ও সার্ভেয়ারদের সংশ্লিষ্ট মোকদ্দমাসমূহ, কনটেম্পট মোকদ্দমাসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মোকদ্দমা আলাদাভাবে এন্টি করে ফলো-আপ করতে হবে;</p> <p>(খ) ভূমি সংক্রান্ত প্রয়োজনীয় আইনগুলো বাংলা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;</p> <p>(গ) ভূয়া চিঠির মাধ্যমে নাটোরের রানীর দিঘি বেহাত হওয়ার বিষয়টির তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে;</p> <p>(ঘ) ভূমি মন্ত্রণালয়ের বিভিন্ন মামলায় নিয়োজিত আইনজীবী যেন মন্ত্রণালয়ের আওতাধীন দণ্ড/সংস্থার পক্ষে কাজ করে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং</p> <p>(ঙ) ১১১টি কনটেম্পট মোকদ্দমার ডাটাবেইজ তৈরি করতে হবে এবং প্রত্যেকটি মামলায় মাননীয় আদালতের নির্দেশ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং</p> <p>(চ) ভূমি মন্ত্রণালয়ের আইন অনুবিভাগের মামলাসমূহের তথ্যাদি তাঙ্কনিক প্রাপ্তির নিমিত্ত এন্টি করার বিষয়ে একটি সফ্টওয়্যার তৈরির জন্য নিম্নেকূল কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:</p> <p>১) অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয় - সভাপতি</p> <p>২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় - সদস্য</p> <p>৩) অতিরিক্ত সচিব (আইন), ভূমি মন্ত্রণালয় - সদস্য</p> <p>৪) সিস্টেম এনালিস্ট (উপসচিব), ভূমি মন্ত্রণালয় - সদস্য-সচিব</p>	
০৯	কৃষি জমি সুরক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	<p><b>আলোচনা:</b></p> <p>এ বিষয়ে গত ১২/০৯/২০১৮ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি জমি সুরক্ষা আইন-২০১৮ সংশোধন করা হয়েছে। সংশোধিত আইনের খসড়ার কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রমিতীকরণের পর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে ১০/০১/২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় আইনটির উপর কতিপয় সংশোধনীর সুপারিশ করা হয়। সুপারিশ মোতাবেক আইনটি সংশোধন ও খসড়া আইনের অন্যান্য বিষয়গুলো পর্যালোচনার জন্য গত ২৩/০১/২০১৯ তারিখে একটি অভ্যন্তরীণ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রস্তাবিত আইনটি কৃষি জমি সুরক্ষা ও ভূমি ব্যবহার আইন, ২০১৯ নামে পুনর্গঠনের সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী আইনের খসড়া সংশোধন করত: পুনর্গঠিত আইনটির উপর সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত চাওয়া হয়েছে। মতামত প্রাপ্তির পর মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য প্রেরণ করা হবে।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>কৃষি জমি সুরক্ষা আইন-২০১৮ দ্রুত চূড়ান্ত করতে হবে।</p>	চোরাবর্মান, ভূমি সংক্রান্ত বোর্ড/ আইন উইং-১/ আইন উইং-২/ উন্নয়ন উইং
১০	মন্ত্রণালয়ের নিরীক্ষা কার্যক্রমের তথ্য	<p><b>আলোচনা:</b></p> <p>অডিট আপত্তির বিষয়ে দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের বিষয়টি সভায় আলোচনা হয়। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় অস্তোষ প্রকাশ করা হয়।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) অডিট আপত্তির বিষয়ে প্রতি মাসে ০৪(চার)টি করে দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>(খ) মন্ত্রণালয় এবং বিভিন্ন দণ্ড/সংস্থার অডিট আপত্তি নিয়ে আলাদা সভার আয়োজন করতে হবে; এবং</p> <p>(গ) নির্ধারিত ছকে অডিট আপত্তির তথ্য সভায় পেশ করতে হবে।</p>	যুগ্মসচিব (বাজেট)/ হিসাব নিয়ন্ত্রক রাজ্য
১১	হিসাব নিয়ন্ত্রক (রাজ্য) দণ্ডের নিরীক্ষা কার্যক্রমের তথ্য	<p><b>আলোচনা:</b></p> <p>সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে হিসাব নিয়ন্ত্রক (রাজ্য) বিভাগীয় এবং জেলা অফিস পরিদর্শন কার্যক্রম অব্যাহত রেখেছেন মর্মে সভাকে অবহিত করেন। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গঠিত কমিটির সভা গত ২৮/০৩/২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার সুপারিশ অনুযায়ী নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মার্চ/২০১৯ মাসে ৩৬২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। জুলাই/২০১৮ খিস্টাব্দ হতে মার্চ/২০১৯ খিস্টাব্দ পর্যন্ত ১৪৬৭ টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অডিট আপত্তির নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন সচিব মহোদয় বরাবর ০৭/০৪/২০১৯</p>	হিসাব নিয়ন্ত্রক (রাজ্য)

নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে												
		<p>বিস্টার্ড তারিখ প্রেরণ করা হয়েছে।</p> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) অনিপত্তিকৃত অডিট আপন্তি কি পদ্ধতিতে অহসর হলে নিপত্তি করা যাবে সে বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি কার্যক্রম অব্যহত রাখবে।</p> <p>(খ) আর্থিক সংশ্লেষণ অডিট আপন্তি নিপত্তির প্রতিবেদন প্রতি ১৫(পনের) দিন অন্তর অন্তর ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে;</p> <p>(গ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)সহ অন্যান্য কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শনের বিস্তারিত তথ্য (কোন কর্মকর্তা কত তারিখে কোন অফিস পরিদর্শন করছেন) আগামী সভায় উপস্থাপন করতে হবে;</p> <p>(ঘ) হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দণ্ডরের জেলাওয়ারি বিস্তারিত নিরীক্ষা প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;</p> <p>(ঙ) আর্থিক সংশ্লেষণ নিপত্তিকৃত অডিট আপন্তি এবং অনিপত্তিকৃত অডিট আপন্তির বিস্তারিত বিবরণ সভায় উপস্থাপন করতে হবে; এবং</p> <p>(চ) অডিট আপন্তি নিপত্তির জন্য বাস্তবিক ক্যালেন্ডার তৈরি করতে হবে।</p>													
১২	ভূমি আপীল বোর্ডের কার্যক্রম	<p><b>আলোচনা:</b></p> <p>মার্চ/২০১৯ মাসের মামলার তথ্য নিম্নরূপঃ</p> <table> <tr> <td>১। বিগত মাসের জের</td> <td>১২৭টি</td> </tr> <tr> <td>মার্চ/২০১৯ এ দায়ের</td> <td>০৫টি</td> </tr> <tr> <td>মোট :</td> <td>১৩২টি</td> </tr> <tr> <td>২। খারিজ</td> <td>০৪টি</td> </tr> <tr> <td>৩। সংশোধনের আদেশ</td> <td>০৩টি</td> </tr> <tr> <td>৪। অনিপত্তি</td> <td>১২৫টি</td> </tr> </table> <p><b>সিদ্ধান্ত:</b></p> <p>(ক) ভূমি আপীল বোর্ডে SA&amp;T Act এর ১৪৯(৪) ধারায় কয়টি মামলা দায়ের হয়েছে, কয়টি খারিজ হয়েছে, কয়টিতে রেকর্ড সংশোধনের আদেশ হয়েছে তার মাসিক তথ্য প্রেরণ করতে হবে;</p> <p>(খ) ভূমি আপীল বোর্ডে SA&amp;T Act এর ১৪৯(৪) ধারা ব্যতীত অন্যান্য মামলার তথ্যও প্রেরণ করতে হবে; এবং</p> <p>(গ) ভূমি আপীল বোর্ডের মোকদ্দমাসমূহের শুনানির তারিখ যথাসম্ভব রক্ষণসময় পরপর দিতে হবে এবং মামলা নিপত্তিতে গতিশীলতা আনতে হবে।</p>	১। বিগত মাসের জের	১২৭টি	মার্চ/২০১৯ এ দায়ের	০৫টি	মোট :	১৩২টি	২। খারিজ	০৪টি	৩। সংশোধনের আদেশ	০৩টি	৪। অনিপত্তি	১২৫টি	চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/আইন-৩ অধিশাস্ত্র
১। বিগত মাসের জের	১২৭টি														
মার্চ/২০১৯ এ দায়ের	০৫টি														
মোট :	১৩২টি														
২। খারিজ	০৪টি														
৩। সংশোধনের আদেশ	০৩টি														
৪। অনিপত্তি	১২৫টি														
১৩	ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় দিক্ষনির্দেশনা মোতাবেক আগামী ৯০ (নবৰই) দিনের মধ্যে করণীয় কার্যক্রমসহ অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহীত হয়।	<p>(ক) নতুন আইন প্রণয়ন এবং বিদ্যমান আইন/অধ্যাদেশ সংশোধন/ সংযোজন/বাংলাকরনের নির্মিত নিম্নোক্তভাবে একটি কোর কমিটি গঠন করা হয়ঃ</p> <table> <tr> <td>১) অতিরিক্ত সচিব (আইন)</td> <td>-</td> <td>সভাপতি</td> </tr> <tr> <td>২) সকল অনুবিভাগ প্রধান/উপযুক্ত প্রতিনিধি</td> <td>-</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>৩) যুগ্মসচিব (আইন-৪)</td> <td>-</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>৪) উপসচিব (আইন-১)</td> <td>-</td> <td>সদস্য-সচিব</td> </tr> </table> <p>(খ) ভূমি মন্ত্রণালয়ের জন্য ইট লাইন স্টাপনের কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে।</p> <p>(গ) “ভূমি সেবা সঞ্চার” পালন সংক্রান্তে ভূমি সংক্রান্ত বোর্ড একটি প্রতিবেদন প্রেরণ করবে।</p> <p>(ঘ) ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে বিষয়ে নির্ধারণপূর্বক একটি কর্মশালার আয়োজন করতে হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(ঙ) জরিপ সংক্রান্ত বিষয়ে একটি কর্মশালার আয়োজন করতে হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(চ) ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র দ্রুত একটি কর্মশালার আয়োজন করবে।</p> <p>(ছ) ভূমিহীন/গৃহহীনদের মধ্যে মালিকানা দলিল/গৃহ হস্তান্তর বিষয়ে চট্টগ্রামের আনোয়ারায় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।</p>	১) অতিরিক্ত সচিব (আইন)	-	সভাপতি	২) সকল অনুবিভাগ প্রধান/উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য	৩) যুগ্মসচিব (আইন-৪)	-	সদস্য	৪) উপসচিব (আইন-১)	-	সদস্য-সচিব	<p>অতিরিক্ত সচিব(আইন) / সকল উইং প্রধান/ যুগ্মসচিব(আইন-৪)/ উপসচিব (আইন-১)</p> <p>প্রশাসন উইং</p> <p>ভূমি সংস্কার বোর্ড/ যুগ্মসচিব (মাঠ প্রশাসন)</p> <p>ভূমি সংস্কার বোর্ড</p> <p>ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর</p> <p>পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র</p> <p>উদয়ন অনুবিভাগ/ প্রকল্প পরিচালক, গুচ্ছাম প্রকল্প</p>
১) অতিরিক্ত সচিব (আইন)	-	সভাপতি													
২) সকল অনুবিভাগ প্রধান/উপযুক্ত প্রতিনিধি	-	সদস্য													
৩) যুগ্মসচিব (আইন-৪)	-	সদস্য													
৪) উপসচিব (আইন-১)	-	সদস্য-সচিব													

নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে																								
		(জ) অর্ধ-বার্ষিক “ভূমি বার্তা” প্রকাশের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হল: ১) অতিরিক্ত সচিব (উন্নয়ন) ২) ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থা/দপ্তরের প্রতিনিধি ৩) উপসচিব (সায়রাত-১) ৪) উপসচিব (কাউন্সিল ও সমষ্টিয়া) ৫) উপসচিব (মাঠ প্রশাসন) ৬) জনসংযোগ কর্মকর্তা  (ঝ) ভূমি মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগ থেকে বিভিন্ন তথ্য সম্বলিত একটি বুকলেট/ক্রসিয়ার তৈরি করতে হবে। মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/ দপ্তর এ বিষয়ে তথ্য (ছবিসহ) প্রদান করবে।	সংশ্লিষ্ট করিব। উন্নয়ন অনুবিভাগসহ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা/ দপ্তর																								
		(ঝ) ভূমি সংক্রান্ত বিষয়ে Documentary এবং নাটিকা তৈরির জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সময়ে একটি কমিটি গঠন করা হয়: ১) অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয় ২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মান (৬ষ্ঠ পর্ব) প্রকল্প ৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় ৪) প্রকল্প পরিচালক, গুচ্ছাম প্রকল্প ৫) মন্ত্রণালয়ের সকল সংস্থা/দপ্তর এর ০১(এক) জন করে প্রতিনিধি ৬) উপসচিব (মাঠ প্রশাসন-২), ভূমি মন্ত্রণালয়  মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তর এ বিষয়ে আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য (ছবিসহ) প্রদান করবে।	মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা/ দপ্তর																								
		(ট) টেরাটেক-এর প্রস্তাবনা যাচাই-বাছাই/মূল্যায়ন করে তিনদিনের মধ্যে প্রতিবেদন দিতে নিম্নোক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়: ১) প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মান (৬ষ্ঠ পর্ব) প্রকল্প ২) সিস্টেম এনালিষ্ট (উপসচিব), ভূমি মন্ত্রণালয় ৩) উপসচিব (কাউন্সিল ও সমষ্টিয়া), ভূমি মন্ত্রণালয় ৪) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৪, ভূমি মন্ত্রণালয়।	সংশ্লিষ্ট কর্মকর্তার্বুদ্ধি																								
		(ঠ) ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় দিক-নির্দেশনা মোতাবেক ১০ (নয়ই) দিনের কার্যক্রম সংক্রান্তে ১৫(ক) থেকে ১৫(ট) পর্যন্ত সিদ্ধান্তগুলির বিষয়ে আগামী ২৫/০৮/২০১৯ তারিখের মধ্যে পূর্ণসূন্দর তথ্য তিতিক প্রতিবেদন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে।	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তর																								
১৪	পেঙ্গিং লিস্ট	<p>আলোচনা:</p> <p>পেঙ্গিং লিস্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ভূমি মন্ত্রণালয় বরাবরে অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর/অধিদপ্তর/বোর্ডের পেঙ্গিং এবং অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/বোর্ডের কাছে ভূমি মন্ত্রণালয়ের পেঙ্গিং লিস্ট তৈরি করা প্রয়োজন।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) পেঙ্গিং লিস্ট তৈরির সময় যেন কোন চিঠি-পত্র বাদ না পড়ে সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে;</p> <p>(খ) সচিবালয় নির্দেশমালা মোতাবেক চিঠি-পত্রসমূহ উপস্থাপন করতে হবে। বিলম্বে উপস্থাপনের জন্য দায়ীদের বিকল্পে ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং</p> <p>(গ) ভূমি মন্ত্রণালয়ের নিকট অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/বোর্ডের পেঙ্গিং এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর/বোর্ডের নিকট ভূমি মন্ত্রণালয়ের পেঙ্গিং তালিকা তৈরি করে উল্লিখিত ছক মোতাবেক প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে।</p> <p style="text-align: center;">“ছক”</p> <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th rowspan="2">শাখা/ অধিশাখা/ দপ্তর</th> <th rowspan="2">গত মাসের জ্ঞের তারিখ</th> <th rowspan="2">আলোচ্য মাসে প্রাপ্তি</th> <th rowspan="2">মোট পেঙ্গিং এর সংখ্যা</th> <th rowspan="2">আলোচ্য মাসে নিষ্পত্তি</th> <th colspan="4">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পত্তি</th> <th rowspan="2">মন্তব্য</th> </tr> <tr> <th>এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নাহে</th> <th>দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নাহে</th> <th>এক মাসের অধিক</th> <th>মোট</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>২</td> <td>৩</td> <td>৪</td> <td>৫</td> <td>৬</td> <td>৭</td> <td>৮</td> <td>৯</td> <td>১০</td> </tr> </tbody> </table>	শাখা/ অধিশাখা/ দপ্তর	গত মাসের জ্ঞের তারিখ	আলোচ্য মাসে প্রাপ্তি	মোট পেঙ্গিং এর সংখ্যা	আলোচ্য মাসে নিষ্পত্তি	মাসের শেষ কার্য দিবসে অনিষ্পত্তি				মন্তব্য	এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নাহে	দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নাহে	এক মাসের অধিক	মোট	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	সংশ্লিষ্ট দপ্তর/ অধিদপ্তর/ বোর্ড/ অধিশাখা/শাখা
শাখা/ অধিশাখা/ দপ্তর	গত মাসের জ্ঞের তারিখ	আলোচ্য মাসে প্রাপ্তি						মোট পেঙ্গিং এর সংখ্যা	আলোচ্য মাসে নিষ্পত্তি	মাসের শেষ কার্য দিবসে অনিষ্পত্তি				মন্তব্য													
			এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নাহে	দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নাহে	এক মাসের অধিক	মোট																					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০																		

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৫	বিবিধ আলোচনা	বিবিধ বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:	
(ক)	ভূমি মন্ত্রণালয়ের কার্যক্রমের বিষয়ে একটি মাস্টার প্লান তৈরি করার বিষয়ে সভায় আলোচনা হয়। মাস্টার প্লান তৈরির বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৩/০১/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়-কে আহরণাক করে একটি সুপারভাইজারি কমিটি এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)কে আহরণাক করে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। গত ২৮/০১/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে ওয়ার্কিং কমিটি গঠন আদেশ জারি করা হয়।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর নেতৃত্বে গঠিত কমিটি ভূমি মন্ত্রণালয়ের মাস্টার প্লান তৈরির বিষয়ে আলাদাভাবে সভা করে প্রয়োজনীয় বাজেটের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ উপপ্রধান
(খ)	ভূমি মন্ত্রণালয় থেকে জারিকৃত পত্রসমূহ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ভূমি মন্ত্রণালয় থেকে জারিকৃত নীতি নির্ধারনী পত্রসমূহ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার জন্য সিস্টেম এনালিস্ট এর কাছে প্রেরণ করতে হবে এবং সকল সরকারি দণ্ডে ইমেইলের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে।	সিস্টেম এনালিস্ট / সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
(গ)	সহকারী কমিশনার (ভূমি) দের জন্য যে সকল নতুন পদ (নতুন অফিস) সৃষ্টি করা হচ্ছে সে সকল নতুন পদ (নতুন অফিস) এর সাংগঠনিক কাঠামোতে ডাবল কেবিন পিক আপ অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভূমি মন্ত্রণালয়ের ১৩/০৮/২০১৮ তারিখের ৪৪৯ নম্বর স্মারকে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ের জন্য ১৭টি ডাবল কেবিন পিকআপ টিওএনই-তে অন্তর্ভুক্তকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭/১০/১৮ তারিখের ১৩৯ নং স্মারকে কিছু তথ্য চাওয়া হয়েছে। তদন্তে মন্ত্রণালয়ের ১১/১২/২০১৮ খ্রি. তারিখের ৬৫৪, ৬৫৫ ও ৬৫৬ নম্বর স্মারকে যাচিত তথ্য প্রেরণের জন্য জেলা প্রশাসক, সিলেট/ বান্দরবান/ রাঙামাটি/ খাগড়াছড়ি/ চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসক, রাঙ্গামাটি, বান্দরবন, খাগড়াছড়ি, সিলেট হতে তথ্যাদি পাওয়া গেছে। প্রাণ্ত তথ্যাদির আলোকে নথি উপস্থাপন করা হয়েছে; এবং (২) “ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮”-তে সহকারী কমিশনার (ভূমি)-র কার্যালয়ে সরবরাহকৃত ডাবল কেবিন পিক-আপ এর গাড়ি চালক পদটি অন্তর্ভুক্ত করে নিয়োগ বিধি প্রণয়নের কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ে চলমান রয়েছে।	যুগ্মসচিব (মাঠ প্রশাসন)/ উপসচিব (মাঠ প্রশাসন)
(ঘ)	সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ সংশোধনের লক্ষ্যে ১৪/০৩/২০১৮ খ্রিস্টাব্দ তারিখ জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মতে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ সংশোধনপূর্বক প্রস্তাবিত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০১৮ প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তা মন্ত্রিপরিষদ বৈঠকে সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হবে।	সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০১৮ (খসড়া) মন্ত্রিসভা বৈঠকে চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পূর্বে সচিব মহোদয় নীতির খসড়াটির Power Point- এ উপস্থাপন করা হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (সায়রাক)
(ঙ)	কোট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এক্স্টেন্ডেড রিটেইনেবল সম্পত্তি ১ নম্বর খাস খতিয়ানভুক্তকরণের পরিপ্রেক্ষিতে এক্স্টেন্ড-এর ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের আঞ্চলিকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। এ সংক্রান্তে একটি সভা করার বিষয়ে আলোচনা হয়। উক্ত সভার কার্যবিবরণী অনুযায়ী ভূমি সংক্রান্ত বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ডের এবং জেলা প্রশাসক, ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও ময়মনসিংহ এর নিকট তথ্য চাওয়া হয়েছে। তদন্তে জেলা প্রশাসক, গাজীপুর, নরসিংহী, নারায়ণগঞ্জ ও মহাপুরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ডের হতে তথ্যাদি পাওয়া গেছে। প্রাণ্ত তথ্যাদির আলোকে এ বিষয়ে একটি সভার তারিখ ও সময় নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।	ভূমি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী অনুযায়ী ভূমি সংক্রান্ত বোর্ড, ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ডের এবং জেলা প্রশাসক, ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও মহাপুরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদণ্ডের হতে তথ্যাদি পাওয়া গেছে। প্রাণ্ত তথ্যাদির আলোকে এ বিষয়ে একটি সভার তারিখ ও সময় নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।	ভূমি সংক্রান্ত বোর্ড/ যুগ্মসচিব (মাঠ প্রশাসন)/ উপসচিব (মাঠপ্রশাসন-২)
(চ)	গাজীপুর জেলাধীন ভাওয়াল রাজ স্টেটের প্রাজাবিলি জমির বিষয়ে সভায় আলোচনা হয়।		
(ছ)	গাজীপুর জেলাধীন বন বিভাগের জমির বিষয়ে সভায় আলোচনা হয়।		
(জ)	ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্রের জন্য আইন/অধ্যাদেশ তৈরি করে খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত।	ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্রের জন্য আইন/অধ্যাদেশ তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ পরিচালক (এক্সেটেন্ড)

নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(ৰ)	মন্ত্রণালয়ের বিভিন্ন উইঁ এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার গত ১০(দশ) বছরের সাফল্য এবং ভবিষ্যাতে কি ধরনের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা যায় তা নিয়ে উন্নয়ন উইঁ একটি প্রতিবেদন তৈরি করবে। প্রশাসন উইঁ এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবে।	মন্ত্রণালয়ের বিভিন্ন উইঁ এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার গত ১০(দশ) বছরের সাফল্য এবং ভবিষ্যাতে কি ধরনের উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা যায় তা নিয়ে উন্নয়ন উইঁ একটি প্রতিবেদন তৈরি করবে। প্রশাসন উইঁ এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন)/অতিরিক্ত সচিব (প্রশাসন)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

## স্বাক্ষরিত

(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)

ভারপ্রাণ সচিব

ভূমি মন্ত্রণালয়

আরক নম্বর-৩১.০০.০০০০.০৩৫.১৬.০১৩.১৪(অংশ)-৬২০/১(৫০)

তারিখ: ২৩/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

### সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব, .....(সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও , ঢাকা।
- ০৪। যুগ্মসচিব, .....(সকল), ভূমি মন্ত্রণালয়।
- ০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, ৩/এ নীলক্ষেত্র বাবুপুরা, ঢাকা।
- ০৬। প্রকল্প পরিচালক (ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রকল্প), ৩/এ, নীলক্ষেত্র, বাবুপুরা, ঢাকা।
- ০৭। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ০৮। উপসচিব, ..... (সকল)/ উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয়।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান .....(সকল), ভূমি মন্ত্রণালয়।
- ১১। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ভূমি মন্ত্রণালয়।
- ১৪। সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি।

শুভেচ্ছা  
(আফরেজ আক্তার)  
সহকারী সচিব (প্রশাসন)  
ফোন-৯৫৪৬১০৮